

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন : ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২(৬)/২০০৮/৮৬৪

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪২৪
২৪ মার্চ, ২০১৮


বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৭ মার্চ, ২০১৮ তারিখ রোজ শনিবার “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৮-তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস” উপলক্ষ্যে ধানমন্ডি ৩২নং সড়কস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হবে। এ উপলক্ষ্যে ১৭ মার্চ সকাল-৮:০০টায় ধানমন্ডি ৩২নং সড়ক-এ ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২। এ উপলক্ষ্যে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে মিলাদ মাহফিল ও দোয়ার অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। সবাই কে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ : পরিবহন রুট প্লান অপর পৃষ্ঠায়।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,


(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার



পরিবহন অফিস
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০
ফোন : ৯৫১৫৪৪৬
তারিখ-১৪/০৩/২০১৮


জবি/পরিবহন/সাধারণ/২০১৪/২৫০

নোটিশ

অত্র বিশ্ববিদ্যালয়ের যানবাহনে যাতায়াতকারী সকল ছাত্র-ছাত্রী, সম্মানিত শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৭ মার্চ ২০১৮ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৮-তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস” উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নং সড়কস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে সকাল ৮:০০ টায় পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হবে। উক্ত কর্মসূচীতে অংশ গ্রহণের জন্য দৈনিক চলমান যানবাহনগুলো যথারীতি নিজ নিজ অবস্থান থেকে সকাল ৭:০০ টায় ধানমন্ডি ৩২ নম্বরের উদ্দেশ্যে ছেড়ে আসবে এবং পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে নিজ নিজ গন্তব্যের উদ্দেশ্যে ছেড়ে যাবে। এ ক্ষেত্রে বিআরটিসি থেকে কর্মকর্তা, কর্মচারীদের জন্য ভাড়া করা ০৩ (তিন) টি বাস বন্ধ থাকবে এবং বন্ধ হওয়া রুটের কর্মকর্তা কর্মচারীদেরকে একই রুটে চলাচলকৃত সম্মানিত শিক্ষক বাসে যাতায়াতের জন্য অনুরোধ করা হলো।

এছাড়াও ক্যাম্পাস হতে সম্মানিত শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী, বিএনসিসি, রেঞ্জার ইউনিট, রোভার স্কাউট ও ছাত্র-ছাত্রীদের জন্য ০৪ (চার) টি বাস সকাল ৭:০০ টায় ধানমন্ডি ৩২ নম্বরের উদ্দেশ্যে ছেড়ে যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে


২৪/৩/২০১৮

(আবদুল্লাহ-আল-মাসুদ)

পরিবহন প্রশাসক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।